



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩২

৩১ জুলাই ২০২২

তারিখঃ -----

১৬ শ্রাবণ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

“জাতীয় শোক দিবস ২০২২” উপলক্ষ্যে কর্মসূচি বাস্তবায়ন প্রসঙ্গে।

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদৎ বার্ষিকীতে “জাতীয় শোক দিবস ২০২২” উপলক্ষ্যে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক সামাজিক দূরত্ব বজায় রেখে নিম্নোক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো:

- ক) ১৫ আগস্ট ২০২২ তারিখে ব্যাংক ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে এবং কালো ব্যাজ ধারণ কর্মসূচী পালন করতে হবে;
- খ) ব্যাংকের প্রধান কার্যালয়/অফিস প্রাঙ্গণে বিশেষ ব্যানার/ফেস্টুন স্থাপন এবং ১৫ আগস্ট ২০২২ তারিখে শ্রদ্ধা নিবেদনের ব্যবস্থা করতে হবে;
- গ) ব্যাংকের পরিচালনা পর্ষদের সভায় জাতীয় শোক দিবস পালনের বিষয় আলোচ্যসূচীতে অন্তর্ভুক্ত করে গুরুত্বসহকারে আলোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ঘ) স্বীয় প্রতিষ্ঠানের সক্ষমতা বিবেচনাপূর্বক মানবিক সহায়তা/খাদ্য সহায়তা সামগ্রী প্রদান করতে হবে;
- ঙ) ব্যাংকের নিজস্ব কর্মপরিকল্পনা অনুযায়ী নিজ কার্যালয়ে বা সুবিধাজনক স্থানে বৃক্ষরোপণ করতে হবে এবং তা সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- চ) বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপরে ১৫ আগস্ট ২০২২ তারিখ বা সুবিধাজনক তারিখ ও সময়ে ভার্চুয়াল আলোচনা সভা আয়োজন করতে হবে; এবং
- ছ) আয়োজিত সকল অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ করত তা ব্যাংকের নিজস্ব ওয়েবসাইটে প্রদর্শন নিশ্চিত করতে হবে।

২। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২